আলুর পরিচর্যা ও কর্তনে ব্যস্ত সময় পার কারছে কালীগঞ্জের চাষীরা

তানজির রহমান,

মাঠজুড়ে শোভা পাচ্ছে আলুর চাষ। আর এই আলুর পরিচর্যায় পাখি ডাকা ভোর থেকে শুরু করে সন্ধ্যা পর্যন্ত চাষীরা আলুর জমি পরিচর্যায় ব্যস্ত সময় পার করছেন। আবহাওয়া অনুকূলে থাকায় আলুর চাষ ভালো হওয়ার কথা জানায় কৃষি বিভাগ।

ঝিনাইদহের প্রতিটা উপজেলার মাঠে মাঠে আলু পরিচর্যায় ব্যস্ত সময় পার করছে চাষিরা। শীতের মৌসুমে কালীগঞ্জের চাষিরা আলুর চাষ এবং আলুর পরিচর্যায় ব্যস্ত সময় পার করছেন। শুধু নিজের পরিবারের চাহিদা মেটানোর জন্য আলু চাষে ব্যস্ত নয় চাষীরা। বাণিজিক ভাবে চাষ হচ্ছে এই আলুর। জেলার চাহিদা মিটিয়ে আলু সরবারাহ হচ্ছে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে। আবহাওয়া অনুকূলে থাকায় আলুর চাষ ভালো হওয়ায় তারা উৎপাদন খরচ মিটিয়ে আলু বিক্রয় করে লাভের মুখ দেখার আসায় আলু চাষী এবং ব্যবসায়ীরা। এই অঞ্চলে কাডিনাল (লাল), ডায়মন্ড (সাদা) ও এস্টরিক জাতের আলু উৎপাদন হয়।
বারোবাজার এলাকার ঝনঝনানিয়া গ্রামের চাষী মুকুল হোসেন জানান, তিনি প্রায় ২ বিঘা জমিতে আলু চাষ করেছে। উচ্চ দামে আলু বীজ ক্রয় করে আলু রোপণ করা হয়েছে। শুরুতেই আলুর গাছের পরিপক্বতা দেখে খুব ভাল মনে হচ্ছে। ধারনা করা হচ্ছে এবার গতবারের চেয়ে লাভের অংক একটু বেশি হবে।

কৃষি বিশেষজ্ঞরা বলেন, এই আবহাওয়া অব্যাহত থাকলে এবার আলুতে লেট ব্লাইট সহ অন্য কোনো রোগবালাই হওয়ার আশঙ্কা নেই।

কালীগঞ্জ উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা হুমায়ূন কবির জানান, উপজেলার আলু চাষিরা এখন নিবিড় পরিচর্যায় ব্যস্ত রয়েছে। উপজেলায় প্রায় এলাকায় এবার আলুর চাষ ভাল হয়েছে। তাছাড়াও এবার বৈরি আবওহায়া না হওয়ায় চালু চাষিরা বাড়তি সুবিধা পাচ্ছে।এবছর উপজেলার ১১০ হেক্টর জমিতে আলু চাষ হয়েছে। এবং উৎপাদন লক্ষমাত্রা ধরা হয়েছে প্রায় ৩০ টন।

নৌকায় ভোট না দিলে সেন্টারে যাওয়া নিষেধ-ইউপি চেয়ারম্যান মোহাম্মদ আলী

আগামী ৩০ জানুয়ারি ৩য় ধাপের পৌরসভা নির্বাচনে ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনকে কেন্দ্র করে স্বতন্ত্র মেয়র প্রার্থীর সমর্থককে ভোট সেন্টারে যেতে নিষেধ করার অভিযোগ উঠেছে উপজেলার ইউপি চেয়ারম্যান মোহাম্মদ আলী’র বিরুদ্ধে।
নির্বাচনের আচরণ বিধি লঙ্ঘন করে গত মঙ্গলবার উপজেলার ৪নং দৌলতপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোহাম্মদ আলী, নিজে ভোট চাইতে এসে স্বতন্ত্র প্রার্থীর সমর্থককে হুমকি ও ভয়-ভীতি প্রদর্শন করেছে বলে জানা গেছে।
পৌরসভার ২নং ওয়ার্ডের পার্বতীরপুর গ্রামের নবাই শেখের ছেলে ভোটার শফিউদ্দিন শেখকে এই ভয়-ভীতি দেখিয়ে ভোট সেন্টারে যেতে নিষেধ করা হয়েছে বলে জানিয়েছে। শফিউদ্দিন শেখ জানান, চেয়ারম্যান মোহাম্মদ আলী বুড়ো আমাকে তার পছন্দের প্রার্থী ফারুক হোসেনকে নৌকা মার্কায় ভোট দিতে বললে আমি তাকে বলি আমার নিজ গ্রামে যেহেতু প্রার্থী রয়েছে, তাছাড়া তিনি আমাদের অনেক উপকার করেন, আমি তাকেই ভোট দেবো। এ কথা বলার পর চেয়ারম্যান আমাকে ধাক্কা দিয়ে ভোট সেন্টারে যেতে নিষেধ করেন এবং অসুবিধা হবে বলেও জানিয়েছেন। এ ব্যাপারে স্বতন্ত্র মেয়র প্রার্থী সাইফুল ইসলাম টিপু মল্লিক বলেন, পূর্বেও নৌকার প্রার্থী ফারুক হোসেন ও তার বহিরাগত ভাড়াটিয়া বাহিনী আমার কর্মীদের ভয়-ভীতি দেখিয়েছে, আমি সেটি প্রশাসনকে অবহিত করেছি। আমার নির্বাচনী প্রচার গাড়ির ড্রাইভারকে হুমকি দেখিয়ে মাইকের তার ছিড়ে ফেলেছে, পরে প্রশাসনের হস্তক্ষেপে সেটি ফেরৎ দিয়েছে। সে আমার এলাকার নিরীহ ভোটারদের ভয়-ভীতি দেখাচ্ছে, বিষয়টি নিয়ে আমি প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি। স্থানীয় ভোটাররা জানান, পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে বিষয়টি জেনেছেন।

ঝিনাইদহে রাহুল স্মৃতি টি-২০ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহে রাহুল স্মৃতি টি-২০ ক্রিকেট প্রতিতিযোগিতার উদ্ধোধন করা হয়েছে। বুধবার সকালে জাহেদী ফাউন্ডেশনের পৃষ্টপোষকতায়, জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে খেলার উদ্ধোধন করেন ঝিনাইদহ জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। খেলা উদ্ধোধন শুরুতে জাহেদী ফাউন্ডেশন প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও ভাষা সৈনিক মহুম জাহিদ হোসেন মুসা মিয়া ও মরহুম হাসান শাহরিয়ার জাহেদী রাহুল স্মরণে একমিনিট নিরাবতা পালন করা হয়।

এসময় শুভেচ্ছা বক্তব্য রাখেন, ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জাহেদী ফউন্ডেশনের নির্বাহী সদস্য কাউয়ুম শাহারিয়ার হিজল ও সদর উপজেলা ভাইস চেয়ারম্যান রাশিদুর রহমান রাসেল। এছাড়াও আরো উপস্থিত ছিলেন, জাহেদী ফাউন্ডেশন ও আমেনা খাতুন কলেজের অধ্যক্ষ মহিদুজ্জান, জাহেদী ফাউন্ডেশনের শাহতনু রেজা আসাদ, মাসুদুর রহমান রানা, ইউনুস আলী ও মানিক।
উদ্ধোধনী খেলায় ঝিনাইদহ ক্রিকেট ক্লাব ও আব্দুল লতিফ সরদার ক্রিকেট একাদশ অংশ গ্রহণ করেন। এ-খেলায় জেলার মোট ১২টি ক্রিকেট দল অংশগ্রহণ করবে। বুধবার ২০ জানুয়ারী থেকে শুরু হয়ে ১৫দিন ব্যাপি চলবে।

ঝিনাইদহে ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের অভিযান, ২৩ লাখ টাকা জরিমানা

ঝিনাইদহে লাইসেন্স ও ছাড়পত্রবিহীন অবৈধ ইটভাটায় অভিযান শুরু করেছে পরিবেশ অধিদপ্তর। বুধবার সকালে সদর উপজেলার গিলাবাড়ীয়া থেকে এ অভিযান শুরু করা হয়। এর নেতৃত্ব দিচ্ছেন পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টীমের নির্বাহী ম্যাজিস্ট্রেট রোজিনা আক্তার ও যশোর পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক সাঈদ আনোয়ার। সকাল থেকে দুপুর পর্যন্ত সদর ও হরিণাকুন্ডু উপজেলার ৪ টি ইটভাটা পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না থাকাসহ নানা অভিযোগে গুড়িয়ে দেওয়া হয়। এছাড়াও ৪ টি ইটভাটায় ২৩ লাখ টাকা জরিমানা করা হয়েছে।

যশোর পরিবেশ অধিদপ্তরের উপ-পরিচালক সাঈদ আনোয়ার বলেন, সকাল ১০ টা থেকে এ অভিযান শুরু হয়ে চলে বিকাল পর্যন্ত। তিনি আরও বলেন দুপুর পর্যন্ত আমরা ৮ টি ইটভাটার বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছি। বৃহস্পতিবার ও শুক্রবারেও এ অভিযান চালানো হবে।

প্রতিবাদে উত্তাল ঝিনাইদহ সদরের বৈডাঙ্গা বাজার

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের বৈডাঙ্গা বাজারের কনক কুমার ওরফে কনু কুমারের ছেলে সমির কুমার (২১) নবী হযরত মুহাম্মদ (সাঃ) কে নিয়ে কটুক্তি ও গালাগালি করেছে বলে অভিযোগ ওঠে।

সমির কুমার ফেসবুকে “কথা হবে যুক্তি দিয়ে” নামক একটি গ্রুপ খুলে সেখানে তার মুসলিম বন্ধু কউশিক আহাম্মদ কে যুক্ত করে। কথা বলার এক পর্যায়ে সমির নবী হযরত মুহাম্মদ (সাঃ) কে অবমাননা করে বিভিন্ন

অকথ্য ভাষায় গালাগালি করে।

এই কথার স্ক্রিনশট নেয় কউশিক আহাম্মেদ। কউশিক আহাম্মেদ স্ক্রিনশট গুলো ফেসবুকে তার নিজ আইডিতে পোস্ট করে, পরবর্তীতে তাকে ভয় দেখায় সমির, ভয় পেয়ে কউশিক তার পোস্টটি ডিলিট করে দেয়। কিন্তু ইতোমধ্যে তার স্ক্রিনশট পৌঁছে যায় জনসাধারণের ম্যাসেঞ্জারে।

পরবর্তীতে গতকাল ১৯-০১-২০২০ খ্রীঃ দুপুর ১২.৩০ মিনিটে বৈডাঙ্গা বাজারে ধর্মপ্রাণ মুসলমানগণ একত্র হয়ে একটি শান্তিপূর্ণ মানববন্ধন করেন এবং দোষীর সর্বোচ্চ শাস্তির দাবীতে তারা রাস্তা অবরোধ করেন।

এ সময় সদর থানার ওসি মোঃ মিজানুর রহমান এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করেন এবং ঠিক তদন্তের মাধ্যমে দোষীর সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করবেন বলে তিনি ঘোষণা দেন।

অনৈতিক কাজের সময় জনতার হাতে প্রেমিক জুটি আটক

প্রেমিকার জন্মদিনের কেক কেটে খাওয়ানোর পরে অনৈতিক কাজের সময় স্থানীয় জনতার হাতে প্রেমিক জুটি আটক হয়েছে। প্রাইভেট পড়তে এসে দুই শিক্ষার্থী এ কাণ্ড করে। পরে দুই পরিবারের জিম্মায় বাড়ি পাঠিয়ে দেয়া হয়েছে।

ঘটনাটি ঘটেছে গতকাল মঙ্গলবার সকাল ৬ টার দিকে হাসাদাহ বাজার সংলগ্ন একটি পুরাতন ভবনে। স্থানীয় সূত্রে জানা গেছে, হাসাদাহ ইউনিয়নের তারিনীবাস গ্রামের ইন্তাজুল মোল্লার ছেলে হাসাদাহ মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র রিয়াজ ও একই ইউনিয়নের শ্রীরামপুর গ্রামের মইদুল ইসলাম মদোর মেয়ে একই স্কুলের দশম শ্রেণির ছাত্রী মৌটুসি খাতুনের সাথে দীর্ঘদিন ধরে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে।

কোটচাঁদপুরে দুই বিদ্রোহী প্রার্থীকে বহিষ্কার

তৃতীয় দফায় ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর নির্বাচনে মেয়র পদে আ.লীগের দুই বিদ্রোহী প্রার্থীকে দল থেকে বহিষ্কার করা হয়েছে।

আওয়ামী লীগ দলীয় মনোনীত নৌকা প্রতীকে মেয়র পদ-প্রার্থী মোঃ শাহাজান আলীর বিরুদ্ধে বিদ্রোহী প্রার্থী হওয়ায় পৌর আওয়ামী লীগের যুগ্ম-আহবায়ক মোঃ সহিদুজ্জামান সেলিম ও পৌর মেয়র মোঃ জাহিদুল ইসলাম জিরেকে আওয়ামী লীগ থেকে বহিষ্কার করা হয়।

গতকাল সোমবার ঝিনাইদহ জেলা আ.লীগের দপ্তর সম্পাদক মোঃ আছাদুজ্জামান আছাদ স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে কোটচাঁদপুর পৌর নির্বাচনে মেয়র পদে দুই বিদ্রোহী প্রার্থীকে আওয়ামী লীগ থেকে বহিষ্কারের বিষয়টি নিশ্চিত করে এই তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, আ.লীগের গঠন তন্ত্রের ৪৭ (ঠ) ধারা অনুযায়ী পৌর আওয়ামী লীগের যুগ্ম-আহবায়ক মোঃ সহিদুজ্জামান সেলিম (মোবাইল ফোন) প্রতীক ও মোঃ জাহিদুল ইসলাম জিরে (নারিকেল গাছ) প্রতীক নিয়ে পৌর নির্বাচনে বিদ্রোহী মেয়র প্রার্থী হওয়ায় আ.লীগ থেকে বহিষ্কার করা হয়েছে।

এদের সাথে আ.লীগের আর কোন সম্পর্ক নাই। নির্বাচন তফসিল অনুযায়ী আগামী ৩০ জানুয়ারী কোটচাঁদপুর পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

কালীগঞ্জে হলুদে রং ও চাউলের

গুঁড়া; ব্যবসায়ীকে লাখ টাকা জরিমানা

ঝিনাইদহের কালীগঞ্জে হলুদের গুঁড়ায় চাউলের কুড়া ও রং মেশানোর অভিযোগে সাইফুল ইসলাম নামে এক মিল মালিককে এক লাখ টাকা জরিমানা করেছে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

গতকাল সোমবার দুপুরে শহরের নলডাঙ্গা স্ট্যান্ডে সাইফুল ইসলামের হলুদের মিলে অভিযান চালিয়ে এ জরিমানা করা হয়।

ঝিনাইদহ ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের উপ-পরিচালক সুচন্দন মন্ডল জানান, পূর্ব অভিযোগের ভিত্তিতে কালীগঞ্জে হলুদের মিল মালিক সাইফুল ইসলাম হলুদের সাথে চাউলের গুড়া ও রাসায়নিক রং মিশিয়ে বাজারজাত করছে এমন তথ্যে অভিযান চালিয়ে সত্যতা পাওয়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এ ৪২ ধারা অনুযায়ী অভিযুক্ত ব্যবসায়ীকে এক লাখ টাকা জরিমানা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা স্যানেটারী ইন্সপেক্টর শাহনাজ পারভীন, পৌরসভার স্যানেটারী ইন্সপেক্টর আলমগীর হোসেন ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদস্যরা।

দামুড়হুদায় ফসলি জমির উপর রেল লাইন স্থাপনের প্রতিবাদে মানববন্ধন

দামুড়হুদা উপজেলার নাপিতখালি গ্রামের ফসলি জমির উপর দিয়ে রেল লাইন স্থাপন না করার দাবীতে গ্রামবাসী একত্র হয়ে কৃষি জমি বাঁচাতে মানবন্ধন করেন।

জানা যায়, গত পরশু বেলা ১১ টার সময় দামুড়হুদা উপজেলার নাপিতখালি গ্রামবাসীর পক্ষে নুরআলী, মাহবুব, আঃ রফিক, আঃ রহমান, আঃ হাকিম,

পিন্টু, আমিনুল, আঃ রাজ্জাক, মুরশিদসহ গ্রামের সকলে তাদের তিন ফসলি জমি রক্ষার্থে নাপিতখালি মরাগঙ্গ মাঠ দিয়ে রেল লাইন স্থাপন না করার জন্য এ মানববন্ধন কর্মসূচি পালন করেন।

মানববন্ধনে বক্তারা বলেন, নাপিতখালি একটি কৃষি প্রধান গ্রাম। গ্রামের প্রায় ৪ কিলোমিটার লম্বা তিন ফসলি জমি। গ্রামটির দক্ষিণ দিকে রয়েছে শত শত বিঘা
ত্রি-ফসলি জমি যা ৫ হাজার মানুষের সবজির চাহিদা পূরণ করে আসছে। এছাড়াও এ মাঠে ধান, ভুট্টাসহ অন্যান্য ফসলাদি উৎপন্ন হয়ে থাকে।

যদি এই গ্রামের উপর দিয়ে প্রস্তাবিত দর্শনা-মুজিবনগর রেল লাইন বাস্তবায়িত হয় তাহলে নাপিতখালি গ্রামবাসি চরমভাবে ক্ষতিগ্রস্থ হবে।

গ্রামের প্রায় ৯০ শতাংশ মানুষ কৃষি জমি হারাবে। এবং এলাকার অর্থনীতিতে বিরুপ প্রতিক্রিয়া পড়বে।

শৈলকুপায় শান্তিপূর্ণ ভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত, বেসরকারি ভাবে নৌকার প্রার্থী বিজয়ী

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের আশরাফুল আজম ৩৬০৬ ভোটের ব্যবধানে বেসকারী ভাবে নির্বাচিত হয়েছেন। তিনি পেয়েছেন ১০৮৮৭ ভোট এবং তার নিকটতম আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী তৈয়বুর রহমান খান পেয়েছেন ৭২৮১ ভোট। এছাড়া ধানের শীষ পেয়েছে ১৫৯৪ ও লাঙ্গল পেয়েছে ১৯৩৬ ভোট।

গতকাল শনিবার সকাল ৮ থেকে বিকাল ৪টা পর্যন্ত এই ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। পৌর সভার ১৫ কেন্দ্রের মধ্যে দুই একটি কেন্দ্রে বিচ্ছিন্ন ঘটনা ছাড়া শান্তিপূর্ণ ভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

১নং খুললা নামক একটি কেন্দ্রে ভোটারদের মধ্যে সংঘাতের সৃষ্টি

হলে কিছুক্ষণের জন্য সেখানে ভোট গ্রহণ বন্ধ থাকে। পরে আইন শৃঙ্খলা বাহিনীর হস্তক্ষেপে দ্রুতই ভোট গ্রহণ শুরু হয়।

স্বতন্ত্র প্রার্থীর গাড়ীর উপরে হামলার ঘটনা ঘটেছে বলেও তিনি অভিযোগ করেন। তাছাড়া কিছু কিছু কেন্দ্রে পোলিং এজেন্টদের ভয়ভীতি দেখানোর অভিযোগও পাওয়া গেছে। তবে বড় ধরনের কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।